

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৮০.০৮.০০১.১৬-৩২৬

তারিখ:

১৭ আশ্বিন ১৪২৫
০২ অক্টোবর, ২০১৮

অফিস আদেশ

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলমকে ভারতের Ajoy Kumar Garg Engineering College FAB LAB (Fabrication Laboratory) এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় FAB LAB-এর মধ্যে সমঝোতা/সহযোগিতা স্মারক স্বাক্ষর, পরিদর্শন, মতবিনিময়ের জন্য ২৪-৩০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ অথবা যাত্রার তারিখ থেকে ০৭ (সাত) দিন নিম্নোক্ত শর্তে ভারত ভ্রমণের অনুমতি প্রদান করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন:

১. ভারত ভ্রমণের স্থানীয় আতিথেয়তা বাবদ ব্যয় Ajoy Kumar Garg Engineering College এবং বিমান ভাড়া ও আনুষঙ্গিক ব্যয় বাবদ ৭৫০০০ (পঁচাত্তর হাজার) টাকা চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে Higher Education Quality Enhancement Project (HEQEP) এর অন্তর্ভুক্ত উপ-প্রকল্প Establishment of a Fabrication Laboratory (FAB LAB) in CUET (CP#5007) থেকে বহন করা হবে;
২. তিনি বাংলাদেশি মুদ্রায় বেতন-ভাতা গ্রহণ করবেন;
৩. ভ্রমণশেষে তিনি দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং ভ্রমণের উপর একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;
৪. তাঁর অনুপস্থিতিতে একই বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের ডিন এবং গবেষণা ও সম্প্রসারণ দপ্তর এর পরিচালক অধ্যাপক ড. মো: সাইফুল ইসলাম নিজ দায়িত্বের অতিরিক্ত ভাইস চ্যান্সেলরের রুটিন দায়িত্ব পালন করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(সৈয়দ আলী রেজা)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪৫০৩২

ই-মেইল: ds_stp@moedu.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪. সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপাচার্য, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৬. অধ্যাপক ড. মো: সাইফুল ইসলাম, ডিন, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ এবং পরিচালক গবেষণা ও সম্প্রসারণ দপ্তর, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৭. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৯. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১০. উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, আই.সি.টি সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।